ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ROSEDIN ● Vol. - 2 ● Issue - 084 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ০৮৪ ● কলকাতা ● ১৩ চৈত্র, ১৪৩২ ● শনিবার ● ২৮ মার্চ ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 243

## হিমালয়ের সমর্পণ যোগ



ধ্যান কেউ শেখাতে পারে না আর কেউই শিখতে পারে না। এটা শেখা ও শেখানোর উপরের বিদ্যা। সর্বদা যা শেখা যায়, তা শরীর থেকে বা বুদ্ধি থেকেই হয় আর ধ্যান তো শরীর ও বুদ্ধির বাইরে হয়। ধ্যান শেখানোর জন্য গুরু নিজে কিছু করতে পারেন না, ধ্যান শেখানো গুরুর বশে।

ক্রমশঃ

# পুলিশকে মারধরের ঘটনায় সাসপেন্ড বাসন্তী থানার আইসি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভোটপ্রচারে বেরিয়েছিলেন বিজেপি প্রার্থী বিকাশ সরদার। সেখানেই অতর্কিতে হামলার অভিযোগ ওঠে। তৃণমূল-বিজেপির অশান্তিতে পুলিশকেও রাস্তায় ফেলে মারধর করা হয় বলে অভিযোগ।বাসন্তীর অশান্তির প্রেক্ষিতে বিবিধ প্রশ্ন উঠেছে প্রশাসনের অন্দরেই। কেন কেন্দ্রীয় বাহিনী দেরিতে ঘটনাস্থলে গেল, তা নিয়েও প্রশ্ন ওঠে। 'গোয়েন্দাদের ব্যর্থতা' নিয়ে রাজ্যের ডিজির কাছে রিপোর্ট তলব করে কমিশন। কমিশন জানতে চায়, অনেক বেশি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকা সত্ত্বেও কেন মাত্র ২ সেকশন বাহিনী আনা হয়েছিল? কেন বাহিনী ডাকতে দেরি হল? অনুমতি না থাকা সত্ত্বেও কী

এরপর ৩ পাতায়

ভর্তি চলছে

ভবানী চাইল্ড ইনস্টিটিউট

BHABANI CHILD INSTITUTE 24 PARGANAS (SOUTH)

স্থাপিত ঃ ১৯৯৩

২০২৬ শিক্ষাবর্ষে নার্সারি শ্রেণির পঠন-পাঠন শুরু হবে ৪ঠা ডিসেম্বর, ২০২৫ বৃহস্পতিবার থেকে







আসন সংখ্যা সীমিত। অভিভাবকদের নীচের মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য জানানো যাচ্ছে।

ভর্তির সময় ঃ সকাল ৯টা থেকে বেলা ১টা

যোগাযোগ ঃ 9083249944 / 9083249933 / 9083249922

# ভারতের জন্য বৈশ্বিক সম্মান: Pujya Shree Shivkrupanand Swamiji-কে ওয়ার্ল্ড মেডিটেশন এক্সপার্ট কমিটিতে নিয়োগ



স্টাফ রিপোর্টার, রোজদিন

World Meditation Foundation পুজ্য শ্রী শিবকৃপানন্দ স্বামীজিকে, যিনি Himalayan Samarpan Dhyanyog-এর প্রতিষ্ঠাতা, তাদের মর্যাদাপূর্ণ World Meditation Expert Committee-তে নিয়োগ করেছে। এই সম্মান ভারতের আধ্যাত্মিক নেতৃত্বের জন্য একটি গুরুত্বপূর্ণ বৈশ্বিক স্বীকৃতি হিসেবে বিবেচিত হচ্ছে।

এই সম্মানটি এসেছে UNESCO কর্তৃক ২১ ডিসেম্বরকে 'World Meditation Day' হিসেবে ঘোষণার পরপরই—যা বিশ্বব্যাপী মানসিক ও আধ্যাত্মিক সুস্থতা বৃদ্ধির লক্ষ্যে World Meditation Foundation-এর উদ্যোগে বাস্তবায়িত হয়েছে।

গ্লোবাল ফোরামে আমন্ত্রণ: স্বামীজির গভীর আধ্যাত্মিক জ্ঞান ও দীর্ঘদিনের সেবার স্বীকৃতিস্বরূপ World Meditation Day Committee এবং Jungto Society তাঁকে ২০২৬ সালের ২০–২১ মার্চ Seoul-এ অনুষ্ঠিত Second World Meditation Day Forum-এ একজন বিশেষ বক্তা হিসেবে আমন্ত্রণ জানিয়েছে। এই অনুষ্ঠানটি Jungto Social and Cultural Centre-এ অনুষ্ঠিত হয়।

বিশ্বব্যাপী প্রভাবসম্পন্ন এক আধ্যাত্মিক গুরু: পুজ্য স্বামীজি বহু বছর হিমালয়ে কঠোর সাধনায় অতিবাহিত করে গভীর আধ্যাত্মিক জ্ঞান অর্জন করেছেন, যা তিনি গত ৩১ বছরেরও বেশি সময় ধরে সমাজের মধ্যে ধ্যানের মাধ্যমে প্রচার করে চলেছেন। বর্তমানে ৭২টিরও বেশি দেশের অনুশীলনকারীরা Himalayan Samarpan Dhyan-এর মাধ্যমে আত্মিক উন্নতির অভিজ্ঞতা লাভ করছেন, যা তাঁর বৈশ্বিক প্রভাবের এক উজ্জ্বল প্রমাণ।

গ্লোবাল মেডিটেশন ইকোসিস্টেম গঠন: এবারের World Meditation Day Forum-এ বিশ্বের বিশিষ্ট ধ্যানগুরু, বিজ্ঞানী এবং অনুশীলনকারীরা একত্রিত হয়ে মানসিক, আবেগিক ও পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবিলার উপায় নিয়ে আলোচনা করেছেন। এই সম্মেলনের লক্ষ্য একটি বিজ্ঞানসম্মত, সামগ্রিক এবং বিশ্বব্যাপী অন্তর্ভুক্তিমূলক ধ্যানব্যবস্থা গড়ে তোলা।

স্বামীজির দিকনির্দেশনা এই ফোরামের ভবিষ্যৎ রূপায়ণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে, বিশেষ করে 'বসুধৈব কুটুম্বকম'—অর্থাৎ "বিশ্ব এক পরিবার"—এই সার্বজনীন দর্শনের প্রসারে। তাঁর এই অবদান ভারতের আধ্যাত্মিক জ্ঞানের মাধ্যমে বিশ্বশান্তি প্রতিষ্ঠায় দেশের নেতৃত্বকে আরও সুদৃঢ় করে তুলেছে।

# অস্ত্র হাতে ডিজে বাজিয়ে হল রামনবমীর মিছিল

স্টাফ রিপোর্টার, রোজদিন



হাইকোর্টের নির্দেশ অমান্য করে অস্ত্র নিয়ে চলল রামনবমীর মিছিলে হাঁটলেন বিজেপি প্রার্থী। নিজেকে রক্ষা করতে গেলে অস্ত্রের প্রয়োজন। তার যেন অপব্যবহার না হয়, সেটাও আবার বললেন বিজেপি প্রার্থী। পুলিশ কমিশনার অবশ্য আগেই জানিয়ে দিয়েছে, নির্দেশ অমান্য করলে ব্যবস্থা নেওয়া হবে।দেবী দুর্গার এই অস্ত্র আমরা সকল মা, বোনেদের হাতে তুলে নিতে হবে আত্ম সম্মান রক্ষার জন্য।" অস্ত্র মিছিল এবং ডিজে বাজানো প্রসঙ্গে চন্দননগর পুলিশ

এরপর ৩ পাতায়

# হাজার হাজার টন এলপিজি এল ভারতে



স্টাফ রিপোর্টার, রোজদিন

যুদ্ধ থামার ইঙ্গিত নেই। বাড়ছে উদ্বেগ। বিশ্ববাজারে তেলের দাম বেড়েছে। এলপিজি সংকট তৈরি হয়েছে। বিশ্বের বাকি দেশগুলির মতো ভারতেও যুদ্ধের প্রভাব পড়েছে। গ্যাসের দাম বেড়েছে। দেশের অভ্যন্তরে তেল কতটা মজুত রয়েছে, তা নিয়েও উদ্বেগ বেড়েছে। যদিও, কেন্দ্রীয় সরকারের তরফে বারবার আশ্বাস দেওয়া হয়েছে, ভারতের কাছে পর্যাপ্ত জ্বালানি মজুত রয়েছে।ভারতীয় উপকূলের দিকে এগিয়ে আসছে ট্যাংকার আরোরা।সূত্রের খবর, আগামী কয়েকদিনের মধ্যেই ম্যাঙ্গালোর বন্দরে পৌঁছবে এই জাহাজ। উল্লেখ্য, আমেরিকার চাপে ২০১৯-এর পর থেকে ইরানের থেকে এলপিজি কেনা বন্ধ করেছিল ভারত। তবে যুদ্ধ পরিস্থিতিতে হরমুজ প্রণালী বন্ধ থাকায়. রাশিয়া, ইরান থেকে তেল এবং এলপিজি কেনার ক্ষেত্রে সাময়িক ছাড় দিয়েছে আমেরিকা।এরেই মধ্যে আরও একটা স্বস্তির খবর। ভারতে এসে পৌঁছল আরও একটি এলপিজি জাহাজ জাগ বসন্ত। ইতিমধ্যেই গুজরাটের কাণ্ডলা বন্দরে পৌঁছেছে এলপিজি ট্যাঙ্কার। সোমবারই ভারতের উদ্দেশে জাগ বসন্ত রওনা দেয়। জানা গিয়েছে, জাহাজটিতে

এরপর ৩ পাতায়

(১ম পাতার পর)

# পুলিশকে মারধরের ঘটনায় সাসপেন্ড বাসন্তী থানার আইসি

ভাবে মিছিল হল? কমিশন জানিয়েছে, ইতিমধ্যে ৮ জন গ্রেফতার হয়েছে। তার পরেই আইসি-র বিরুদ্ধে পদক্ষেপ করা হল।বাসন্তীকাণ্ডে দক্ষিণ ২৪ পরগনার সংশ্লিষ্ট থানার আইসি অভিজিৎ পালের বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপ করল নির্বাচন কমিশন।বিজেপি প্রার্থীর প্রচারের সময় পুলিশকে মারধরের ঘটনায় বাসন্তী থানার আইসিকে সাসপেন্ড করা হয়েছে। অভিজিতের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত করতেও বলা হয়েছে। শুক্রবার অভিজিতের জায়গায় প্রবীর ঘোষকে বাসন্তী থানার আইসি-র দায়িত্ব দিয়েছে কমিশন।

বৃহস্পতিবার বাসন্তীতে ভোটপ্রচারে বেরিয়েছিলেন বিজেপি প্রার্থী বিকাশ সরদার। সেখানে অতর্কিতে হামলার অভিযোগ ওঠে। তৃণমূল-বিজেপির ওই অশান্তি থামাতে গিয়ে আক্রান্ত হয় পুলিশ। রাস্তায় ফেলে তাদের মারধর করা হয় বলে অভিযোগ। গুরুতর জখম হন এসআই। মার খান পাঁচ জন কন্সেস্টেবল। ওই ঘটনায় তৃণমূল এবং বিজেপি একে অপরের বিরুদ্ধে দোষারোপ শুরু করে। তার মধ্যে বেশ কয়েক জনকে আটক করা হয়েছে। কিন্তু ভোটপ্রচারে এই অশান্তি এবং সর্বোপরি পুলিশের আক্রান্ত হওয়ার ঘটনাকে বিশেষ গুরুত্ব দিয়েছে কমিশন।

বাসন্তীর ঘটনার প্রেক্ষিতে রাজ্যের সমস্ত পুলিশ সুপার (এসপি) এবং পুলিশ কমিশনারকে জরুরি নির্দেশ পাঠায় তারা। তাতে বলা হয় এই ধরনের ঘটনার ক্ষেত্রে শুরুতেই কেন্দ্রীয় বাহিনীকে কাজে লাগাতে হবে। এই মর্মে পশ্চিমবঙ্গের সমস্ত থানার ওসিকে নির্দেশ পাঠানো হয় বলে কমিশন সূত্রে খবর। এ-ও বলা হয়, প্রয়োজনে থানার ওসি এবং কেন্দ্রীয় বাহিনী আইন মেনে বল প্রয়োগ করতে পারবে।

(২ পাতার পর)

# অস্ত্র হাতে ডিজে বাজিয়ে হল রামনবমীর মিছিল

কমিশনার সুনীল কুমার যাদব বলেন, "ডিজে বাজানো ওদের নিষেধ করা আছে। ওদের কাছে একটি মিউজিক সিস্টেম রয়েছে কিন্তু ডিজে বাজাতে দেওয়া হয়নি। আমি একটা মিছিল দেখেছি যেখানে অস্ত্র ছিল। কিন্তু তাঁদের বলার পর তাঁরা অস্ত্র সরিয়ে দিয়েছে। বিজেপি প্রার্থী ব্যক্তিগত ভাবে হাঁটতে পারেন।"চুঁচুড়ায় একাধিক জায়গায় হল রামনবমীর মিছিল হল শুক্রবার। আট থেকে আশি সকলের হাতেই দেখা গেল অস্ত্র। হাইকোর্টের নির্দেশ ছিল, কোনও মিছিলে অস্ত্র এবং ডিজে বক্স নিয়ে বেরনো যাবে না। কিন্তু সেই নির্দেশকে কার্যত বুড়ো আঙ্গুল দেখিয়েই হল রামনবমীর মিছিল। অভিযোগ তেমনই। ব্যান্ডেল মোড়, কাপাসডাঙ্গা, রবীন্দ্রনগর, পেয়ারাবাগান, খাদিনা মোড়-সহ একাধিক জায়গা থেকে মিছিল বেরোয়। সেগুলি পরপর একে অপরের সঙ্গে মিশে গোটা চুঁচুড়া শহর প্রদক্ষিণ করে। সেই মিছিলে সামনের সারিতে দেখা যায় চুঁচুড়ার বিজেপি প্রার্থী সুবীর নাগকে।

পাশাপাশি অস্ত্র হাতে মিছিলে দেখা যায় বিজেপির হাওড়া হুগলি বিভাগের জয়েন্ট কনভেনর সুরেশ সাউকে। মিছিলে একাধিক মহিলার হাতেও দেখা যায় অস্ত্র। অস্ত্রের ঝলকানির পাশাপাশি তারস্বরে বক্স বাজতেও দেখা যায়। মিছিলে উপস্থিত থেকে চুঁচুড়ার বিজেপি প্রার্থী সুবীর নাগ বলেন, "সারা বছর এই দিনটার জন্য আমরা অপেক্ষা করি।

এই দিনটা আমাদের সারা বছর কাজে উৎসাহ দেয়। শোভাযাত্রা যবে থেকে শুরু হয়েছে সেই বছর থেকে রাজপথ আজকের দিনে রাম ভক্তদের দখলে থাকে। আমি প্রতিবার এই মিছিলে উপস্থিত থাকি। আমাদের একটাই পরিচয় আমরা রামের ভক্ত।

এই মাটি রামচন্দ্রর মাটি। তাই রামচন্দ্রর মাটিতে রামভক্তদের এডভান্টেজ সব সময় বেশি থাকে।" অস্ত্র মিছিল সম্পর্কে সুবীর নাগ বলেন, "এটা আমাদের পরম্পরা। কোনও কিছুই শুধুমাত্র 'সস্ত্র' দিয়ে হয়না নিজেকে রক্ষা করতে গেলে অস্ত্র তুলে নিতে হয়। তবে এটার যেন অপব্যবহার না হয়।

এটা ভয় দেখানোর জন্য নয়। এটা বিরত্বের প্রতীক।" হাইকোর্টের নির্দেশ প্রসঙ্গে সুবীর বলেন, "হাইকোর্টের নির্দেশ কি শুধুমাত্র রামনবমীর জন্য হয়? মহরমের সময়ও অস্ত্র নিয়ে বের হয়।" মিছিলে অস্ত্র হাতে থাকা নমিতা কুণ্ডু বলেন, "ত্রিশূল আমাদের সহ্যের প্রতীক। এগুলি হিন্দু ধর্মের শক্তির প্রতীক।

# বাসন্তীর হামলায় গ্রেপ্তার ৯



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

রাজনৈতিক উত্তাপ বাড়ছে দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীতে। বিজেপি প্রার্থী বিকাশ সর্দারের প্রচার চলাকালীন তৃণমূল দুষ্কৃতীরা হামলা চলে বলে অভিযোগ। ওই ঘটনার পর থেকেই পুলিশ-প্রশাসন কড়া ভূমিকা নিয়েছে। এলাকায় টহলদারি চালাচ্ছে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা।

গতকাল, বৃহস্পতিবার বিজেপির প্রচারকে কেন্দ্র করে ধুন্ধুমার বাসন্তীকে ।অভিযোগ, বিজেপি প্রার্থী বিকাশ সর্দারের প্রচার চলাকালীন সেখানে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা হামলা করে। খবর পেয়ে পুলিশ গিয়ে প্রচারে বাধা দিলে অশান্তি চরমে ওঠে। এরপরই নতুন করে আক্রমণ-পালটা আক্রমণে জড়িয়ে পড়েন তৃণমূল ও বিজেপির কর্মীরা। পরিস্থিতি আয়ত্তে আনতে গিয়ে জখম হন ৮ পুলিশকর্মী। যদিও এর সঙ্গে তাঁদের যোগ নেই বলেই দাবি তৃণমূলের। স্থানীয় নেতাদের কথায়, "বিজেপির বিরুদ্ধে জনরোষ তৈরি হয়েছে।" কোনওক্রমে ঘটনাস্থল ছেড়ে ভারত সেবাশ্রমে আশ্রয় নিয়েছিলেন বিজেপি প্রার্থী বিকাশ সর্দার। তবে বিজেপির থেকে ওঠা অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল।বৃহস্পতিবারের ওই ঘটনার শুক্রবার বেলা পর্যন্ত মোট ৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এদিন ধৃতদের আলিপুর আদালতে তোলা হয়। ধৃতদের পুলিশ হেফজতে রেখে

এরপর ৫ পাতায়

# সম্পাদকীয়

## ভোট প্রশিক্ষণের জায়গায় মমতার ছবি কেন

ভোটের প্রশিক্ষণে এসে আক্রান্ত ভোটকর্মী। 'ভোট প্রশিক্ষণের জায়গায় জায়ান্ট স্ক্রিনে কেন মমতা বন্দ্যোপাধ্যায়ের ছবি?' প্রশ্ন তোলায় রাণাঘাটের প্রাথমিক স্কুলের শিক্ষককে বেধড়ক মারধর। আক্রান্ত স্কুল শিক্ষকের নাম সৈকত চট্টোপাধ্যায়। BDO-র নেতৃত্বে হামলা হয়েছে, অভিযোগ আক্রান্ত ভোটকর্মীর।এদিকে, এই ঘটনা নিয়ে জেলা নির্বাচনী আধিকারিকের কাছে রিপোর্ট তলব কমিশনের। এমনকি, হামলার অভিযোগে দোষীদের বিরুদ্ধে পুলিশকে মামলা দায়েরের নির্দেশ, নির্বাচন কমিশন সূত্রে খবর।এমনকী প্রাণনাশেরও হুমকি দেওয়া হয়েছে বলে অভিযোগ আক্রান্ত ভোটকর্মীর। তিনি এও অভিযোগ করেন, এই প্রশিক্ষণ কেন্দ্র ছেড়ে যাওয়ার পর খুন করার হুমকি দেওয়া হয়েছে।

নদিয়ার রাণাঘাট দেবনাথ ইনস্টিটিউশন ফর বয়েজে ঘটেছে এই ঘটনা। আক্রান্ত ভোটকর্মী, প্রতিবাদে আজকের প্রশিক্ষণ বয়কট ভোটকর্মীদের। এখন প্রশ্ন উঠছে ন্যূনতম নিরাপত্তা ছাড়াই ভোট প্রশিক্ষণের বন্দোবস্ত করা হল?

এমন চললে ভোটে অংশ নেব না, বিডিও ও অন্য জড়িতদের শাস্তি না হলে ভোট বয়কটের ডাক ক্ষুব্ধ ভোটকর্মীদের একাংশের। সেখানে উপস্থিত এক প্রশিক্ষণরত ভোটকর্মীর কথায়, 'আমরা এক নির্বাচনের কাজ করছি। এর অর্থ আমরা এখন নির্বাচন কমিশনের আওতায়। অথচ আমাদের মতো ভোটকর্মীদের সঙ্গে প্রশাসন একটা বিরোধিতা করা শুরু করেছে। আজ যে ঘটনা ঘটল বিডিও সাহেবের উপস্থিতিতে তা নিন্দাজনক।'

কোনও আক্রমণের ঘটনা ঘটেনি, অভিযোগ সম্পূর্ণ মিথ্যা, দাবি BDO সায়ন্তন ভট্টাচার্য। এদিকে, ভোটকর্মীদের একাংশের বক্তব্য, এখনও ভোট শুরু হয়নি, সেই সময়ই এই ঘটনা। প্রশিক্ষণ কেন্দ্রের মধ্যেই যদি এমন হয় তাহলে ভোটের সময় ভোটকেন্দ্রে কি হতে চলেছে?

বিডিও সায়ন্তন ভট্টাচার্য বলেন, 'আমি সকাল থেকেই ছিলাম। সামনে এসে মারধর করা হয়েছে যে অভিযোগ তা সম্পূর্ণ মিথ্যে। আমরা কেন ওই শিক্ষককে মারতে যাব? আমাদের কিছু কর্মীদের সঙ্গে ওঁর বাগবিতণ্ডা হয়েছে। ওনাকে বোঝানোও হয়েছে। এরপর ট্রেনিং নেওয়ার সময় ভিতরে ঢুকেই আবার সমস্যা হয়েছিল মনে হয়।'

# সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



মৃত্যুঞ্জয় সরদার

(উনিশ পর্ব)



বনবিবির কথা বলতে গেলে যে কথাটি না লিখলেও এই লেখাটি অসম্পূর্ণ হয়ে যাবে। সুন্দরবনে প্রথম জরীপ কার্য করেন শ্রী এল টি হজেস সাহেব, ১৮২৯ সালে। আর সেই কবে ১৮৭৮ সালে ব্রিটিশ সরকার সুন্দরবনকে সংরক্ষিত বন হিসাবে ঘোষণা করেন, যখন বন সংরক্ষণ নিয়ে ভারতবর্ষের অসংখ্য রাজা উজিরদের আদৌ কোন ধারণা ছিল কিনা সন্দেহ। ১৮৭৯ সালে সমগ্র সুন্দরবন কে বাঙলা বনবিভাগের আওতায় আনা হয়। সুন্দরবনের প্রথম বন্যপ্রাণ আধিকারিক হচ্ছেন এম ইউ গ্রীন সাহেব। ১৮৮৪

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)


# হাজার হাজার টন এলপিজি এল ভারতে

প্রায় ৪২ হাজার মেট্রিক টন এলপিজি রয়েছে। পাশাপাশি পাইন গ্যাস নামে আরও একটি এলপিজি ট্যাঙ্কার ভারতের উদ্দেশে রওনা দেয়।

তবে অন্যপথে দু'টি ট্যাঙ্কার এসেছে বলে খবর। আরব সাগরের সহজ-সরল পথ এড়িয়ে এই জাহাজগুলি কেশম-লারাক প্রণালী দিয়ে হরমুজ প্রণালী পার করে।

উল্লেখ্য, এর আগে বন্দর, নৌ-পরিবহণ মন্ত্রকের বিশেষ সচিব রাজেশ কুমার সিনহা একটি সাংবাদিক বৈঠকে জানান, জগ বসন্ত নিরাপদে হরমুজ প্রণালী অতিক্রম করেছে । ২৬ মার্চ ভারতে পৌঁছনোর কথা রয়েছে। ভারতে এই নিয়ে তৃতীয় এলপিজি ট্যাঙ্কার এসে পৌঁছেছে। জগ বসন্তের আগে নন্দা দেবী এবং শিবালিক নামে আরও দু'টি এলপিজি ট্যাঙ্কার গুজরাটের বন্দরে নোঙর করেছিল। ১৬ মার্চ শিবালিক গুজরাটের মুন্দ্রা বন্দরে পৌঁছয়। তার একদিন পর নন্দা দেবী গুজরাটের ভাদিনা বন্দরে নোঙর করে। জাহাজ দু'টি ৯২ হাজার মেট্রিক টনেরও বেশি এলপিজি নিয়ে ভারতে এসেছে। এদিকে, ইরানের থেকে এলপিজি কেনা শুরু করেছে ভারত।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

যে আজকের দিনে তা সহজে চোখে পড়বার কথা নয়। তাই এ-কথা খুব জোর করে বলা সম্ভব নয় যে হরপ্পা-সংস্কৃতির বেশির ভাগ, মূর্তিকার গায়ে সিঁদুর-রঙ দেওয়ার প্রথা ছিল না।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ভোটের আগে পুলিশের রাশ কমিশনের হাতে! ১০ দিনের বেশি ঝুলে থাকবে না ওয়ারেন্ট, কড়া দাওয়াই দিল্লির

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনকে সামনে রেখে আইনশৃঙ্খলা বজায় রাখতে রাজ্যের পুলিশ প্রশাসনের উপর কড়া নজরদারি ও কঠোর নির্দেশ জারি করল নির্বাচন কমিশন। মুখ্য নির্বাচন আধিকারিকের দফতর থেকে জারি হওয়া দুটি পৃথক নির্দেশিকায় থানার ওসি থেকে শুরু করে সাব-ডিভিশনাল ডিএসপি—সব স্তরের পুলিশ আধিকারিকদের নির্দিষ্ট দায়িত্ব ও কর্তব্য স্পষ্টভাবে বেঁধে দিল কমিশন। তাৎপর্যপূর্ণ হল, কমিশন এই পদক্ষেপ করল বাসন্তী থানার আইসি অভিজিৎ পালকে সাসপেন্ড করার পর পরই। অর্থাৎ থানার ওসি ও ডিএসপিদের উদ্দেশে বার্তাটি স্পষ্ট, কপি বুক মেনে চলুন, নইলে অভিজিতের মতই অবস্থা হতে পারে।

বৃহস্পতিবার বাসন্তীতে বিজেপি কর্মীদের উপর হামলা হয়। বাঁশ দিয়ে পেটানোর ভিডিও ফুটেজও ভাইরাল হয়েছে। তার পরই এদিন নির্বাচন কমিশন শুধু বাসন্তীর আইসি-কে সাসপেন্ড করেনি, তাঁর বিরুদ্ধে বিভাগীয় তদন্তেরও নির্দেশ দিয়েছে। যা ওই অফিসারের সার্ভিস বুকে থেকে যাবে। কমিশনের এই পদক্ষেপে ইতিমধ্যেই আন্দোলিত রাজ্য পুলিশ। তারই মধ্যে এদিন রাতে পর পর দুই বিজ্ঞপ্তিতে কমিশনের হুঁশিয়ারি যথেষ্ট অর্থবহ বলে মনে করা হচ্ছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, নির্বাচন চলাকালীন কোনওরকম শিথিলতা বরদাস্ত করা হবে না। পূর্ববর্তী নির্বাচনের সময়ে নথিভুক্ত সমস্ত অপরাধমূলক মামলার তদন্ত দ্রুত সম্পূর্ণ করতে হবে। পাশাপাশি সমস্ত জামিন অযোগ্য ওয়ারেন্ট কার্যকর করতে হবে এবং কোনও ওয়ারেন্ট ১০ দিনের বেশি ঝুলে থাকতে দেওয়া যাবে না। পলাতক আসামি ও ঘোষিত অপরাধীদের তালিকা প্রস্তুত করে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশও দেওয়া হয়েছে।

শুধু তাই নয়, সম্ভাব্য দুষ্কৃতী, রাজনৈতিক সংঘর্ষে জড়িত ব্যক্তিদের তালিকা তৈরি করে আগাম ব্যবস্থা নেওয়ার উপরও জোর দিয়েছে কমিশন। রাজনৈতিক দলগুলির সমর্থকদের মধ্যে সংঘর্ষের অতীত ইতিহাস খতিয়ে দেখে প্রতিরোধমূলক পদক্ষেপ নেওয়ার নির্দেশ রয়েছে। একইসঙ্গে অবৈধ মদ বা অন্য বেআইনি কার্যকলাপ রুখতে গোয়েন্দা তথ্য ভাগ করে নেওয়ার কথাও বলা হয়েছে।

নির্বাচনী প্রচারের সময় প্রার্থীদের নিরাপত্তা, জনসভা, রোড শো, স্ট্রিট কর্নার সভাগুলিতে নজরদারি বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি হোটেল, লজ, ধর্মশালা ইত্যাদিতে নিয়মিত তল্লাশি চালিয়ে অপরাধী বা অসামাজিক উপাদানদের উপস্থিতি রুখতে বলা হয়েছে। রাজ্য ও আন্তঃজেলা সীমানায় 'নাকা' চেকিং ২৪ ঘণ্টা চালু রাখতে হবে এবং সিসিটিভি নজরদারি নিশ্চিত করতে হবে। প্রতিটি গুরুত্বপূর্ণ রাস্তা ও সংযোগপথে পর্যাপ্ত পুলিশ মোতায়েনের কথাও স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে।

অন্যদিকে সাব-ডিভিশনাল ডিএসপি-দের উদ্দেশ্যে পাঠানো নির্দেশিকায় তদন্তের কাজ দ্রুত শেষ করে চার্জশিট জমা দেওয়ার উপর জোর দেওয়া হয়েছে। পলাতক আসামিদের ধরতে লুক আউট নোটিস জারি, প্যারোল জাম্পারদের তালিকা তৈরি এবং গ্রেফতারের চেষ্টা চালানোর কথা বলা হয়েছে। একইসঙ্গে পার্শ্ববর্তী জেলা ও মহকুমার সঙ্গে সমন্বয় রেখে নিয়মিত বৈঠক করে গুরুত্বপূর্ণ তথ্য আদানপ্রদানের নির্দেশ দেওয়া হয়েছে।

দুটি চিঠিতেই বিশেষভাবে উল্লেখ করা হয়েছে, নির্বাচন সংক্রান্ত দায়িত্বে থাকা সমস্ত আধিকারিক কার্যত নির্বাচন কমিশনের অধীনস্থ। গণপ্রতিনিধিত্ব আইন, ১৯৫১-এর ধারা ২৮এ অনুযায়ী তাঁদের উপর কমিশনের সরাসরি নিয়ন্ত্রণ থাকবে। দায়িত্বে গাফিলতি বা অসদাচরণ প্রমাণিত হলে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে বলে সতর্ক করেছে কমিশন।


সব মিলিয়ে স্পষ্ট, ভোটের আগে কোনওরকম ঝুঁকি নিতে নারাজ নির্বাচন কমিশন। আইনশৃঙ্খলা বজায় রাখতে পুলিশ প্রশাসনের প্রতিটি স্তরকে সক্রিয় ও জবাবদিহির আওতায় এনে একটি কড়া ও শৃঙ্খলাবদ্ধ নির্বাচনী পরিবেশ তৈরি করার লক্ষ্যেই এই নির্দেশ জারি করা হয়েছে।

(৩ পাতার পর)

# বাসন্তীর হামলায় গ্রেপ্তার ৯

জিজ্ঞাসাবাদ করা হবে বলে খবর।

এদিকে বাসন্তীর ঘটনায় কড়া বার্তা দিয়েছে নির্বাচন কমিশন। কেন, কীভাবে ওই ঘটনা ঘটল? পুলিশ-প্রশাসন কী করছিল? সেই প্রশ্ন তোলা হয়েছে। বিষয়টির খোঁজখবর করা হচ্ছে। গতকালের ঘটনার পর থেকে পুলিশ-প্রশাসন এলাকায় নজরদারি চালাচ্ছে। মোতায়েন রয়েছে বাহিনী। ঘটনার পর থেকেই বাসন্তীর বিভিন্ন এলাকায় অভিযান চালিয়েছে প্রশাসন। ৯জনকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশকে মারধর-খুনের চেষ্টা, এলাকায় হিংসা ছড়ানো, প্রচারে বাধা দেওয়া, সম্পত্তি নষ্ট করার অভিযোগ দায়ের করা হয়েছে। সবকটি অভিযোগই জামিনঅযোগ্য ধারায় বলে জানা গিয়েছে। ঘটনার পর থেকেই এলাকায় চাপা আতঙ্ক রয়েছে।




পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu Sardar
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)

Mobile : 9564382031

# আমেরিকার হামলার পাল্টা প্রত্যাঘাত ইরানের, গুঁড়িয়ে গেল মার্কিন সেনাঘাঁটি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



হামলা বনাম পাল্টা হামলায় উত্তপ্ত মধ্যপ্রাচ্য। এবার আমেরিকার বিরুদ্ধে পাল্টা হামলা চালালো ইরান। জানা গিয়েছে ইরানের পাল্টা হামলায় রীতিমতো বিধ্বস্ত মার্কিন সেনার ১৩টি ঘাঁটি। আর কী কী ক্ষয়ক্ষতি হয়েছে? বিশদে জানতে দেখুন সম্পূর্ণ ফটো গ্যালারি।বৃহস্পতিবার মিসাইলটি রুখে দেওয়ার পর তার জ্বলন্ত টুকরো শহরের ব্যস্ত সুইহান স্ট্রিটের ওপর এসে পড়ে। এর ফলেই দুই জনের মৃত্যু হয় এবং তিনজন আহত হন। প্রতিরক্ষা ব্যবস্থা মিসাইলটিকে নিষ্ক্রিয় করতে সফল হলেও, তার ধ্বংসাবশেষ নীচে পড়ে এই হতাহতের ঘটনা ঘটে। ঘটনার পরেই আপৎকালীন পরিষেবা দল ঘটনাস্থলে পৌঁছে যায়। তারা আহতদের উদ্ধার করে এবং ক্ষতিগ্রস্ত গাড়িগুলো সরাতে সাহায্য করে। এই ঘটনা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিল যে, উঁচু আকাশে মিসাইল আটকানোর পরেও তার ধ্বংসাবশেষ কতটা বিপজ্জনক হতে পারে।সাম্প্রতিক এক গোয়েন্দা রিপোর্ট এবং আন্তর্জাতিক সংবাদমাধ্যমগুলোর দাবি অনুযায়ী, ইরানের শক্তিশালী মিসাইল ও ড্রোন হামলায় অঞ্চলের অন্তত ১৩টি মার্কিন সামরিক ঘাঁটি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। পরিস্থিতি এতটাই বেগতিক যে, এই ঘাঁটিগুলো বর্তমানে বসবাসের অযোগ্য হয়ে পড়েছে।

মধ্যপ্রাচ্যে অবস্থিত মার্কিন সামরিক ঘাঁটিগুলোতে ইরানের সাম্প্রতিক ভয়াবহ হামলার পর ওই অঞ্চলে থাকা আমেরিকান সেনাদের নিরাপত্তা নিয়ে চরম উদ্বেগ তৈরি হয়েছে। মার্কিন প্রতিরক্ষা দফতরের এক উচ্চ পদস্থ আধিকারিক নিউইয়র্ক টাইমস (NYT) জানিয়েছে, ক্রমাগত হামলার কারণে অনেক ঘাঁটি থেকে মার্কিন সেনাদের সরিয়ে নেওয়া হচ্ছে। নিরাপত্তার খাতিরে বর্তমানে বিপুল সংখ্যক আমেরিকান সৈন্যকে বিভিন্ন অঞ্চলের সাধারণ হোটেল এবং অফিস ভবনগুলোতে অস্থায়ীভাবে রাখা হয়েছে। মধ্যপ্রাচ্যে0 আমেরিকার প্রধান সামরিক ঘাঁটিগুলো ক্ষতিগ্রস্ত হওয়ায় এবং নিরাপত্তার ঝুঁকি বেড়ে যাওয়ায় ওই অঞ্চলে থাকা হাজার হাজার মার্কিন সেনাকে সরিয়ে নেওয়া হয়েছে। বর্তমান পরিস্থিতিতে সৈন্যরা বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়েছেন। পেন্টাগন সূত্রে খবর, বিপুল সংখ্যক সেনাকে ইতিমধ্যে ইউরোপের বিভিন্ন দেশে স্থানান্তর করা হয়েছে। তবে একটি বড় অংশ এখনো মধ্যপ্রাচ্যেই অবস্থান করছে, যদিও তারা তাদের পূর্বের মূল ঘাঁটিগুলো থেকে আর কাজকর্ম পরিচালনা করতে পারছে না। নিরাপত্তাজনিত কারণে তাদের এখন বিকল্প ও অস্থায়ী অবস্থান থেকে কাজ চালাতে হচ্ছে বলে জানানো হয়েছে।

আধুনিক যুদ্ধক্ষেত্রে এক নজিরবিহীন পরিবর্তনের কথা সামনে এনেছে সাম্প্রতিক এক সামরিক রিপোর্ট। প্রতিবেদনে দাবি করা হয়েছে যে, বর্তমানে স্থলবাহিনীর একটি বড় অংশ কার্যত 'রিমোটলি' বা দূর থেকেই যুদ্ধ পরিচালনা করছে। অর্থাৎ, সরাসরি যুদ্ধক্ষেত্রে উপস্থিত না থেকেও প্রযুক্তির সহায়তায় দূর থেকে আক্রমণ ও রণকৌশল নিয়ন্ত্রণ করছেন সেনারা।

যুদ্ধক্ষেত্রের এই কাঠামোগত পরিবর্তন সত্ত্বেও পেন্টাগন জানিয়েছে, সামরিক অভিযানের গতি কমার বদলে উল্টো বহুগুণ বেড়েছে। মার্কিন প্রতিরক্ষা সচিব পিট হেগসেথ এক বিবৃতিতে জানিয়েছেন, ইরানের সামরিক অবকাঠামো লক্ষ্য করে এ পর্যন্ত নজিরবিহীন সংখ্যক হামলা চালানো হয়েছে।

আবু ধাবিতে এক মর্মান্তিক ঘটনায় দুই জনের মৃত্যু হয়েছে, যার মধ্যে একজন ভারতীয় নাগরিক। বৃহস্পতিবার একটি ব্যালিস্টিক মিসাইলকে মাঝ আকাশে রুখে দেওয়ার পর তার ধ্বংসাবশেষ নীচে এসে পড়লে এই দুর্ঘটনা ঘটে। ঘটনায় আরও একজন ভারতীয় নাগরিক আহত হয়েছেন।

## উত্তর ২৪ পরগনার জেলা প্রশাসনের শান্তিপূর্ণ ভোট নিয়ে গুরুত্বপূর্ণ ঘোষণা

**স্মৃতি সামন্ত,কলকাতা**

উত্তর ২৪ পরগনা জেলা প্রশাসনের পক্ষ থেকে এক গুরুত্বপূর্ণ সাংবাদিক বৈঠকের আয়োজন করা হয়। জেলা ম্যাজিস্ট্রেটের দপ্তরে বৈঠকে জেলার বিভিন্ন প্রশাসনিক উদ্যোগ, ভোট পর্যবেক্ষণ নিয়ে উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি এবং সাধারণ মানুষের পরিষেবা আরও সহজলভ্য করার বিষয়ে বিস্তারিত তথ্য তুলে ধরা হয়।

জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিকরা উপস্থিত থেকে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়, ভোট যেন শান্তিপূর্ণ ও অহিংসাপূর্ণভাবে সম্পন্ন হয়।জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে ।

সভায় বিশেষভাবে জোর দেওয়া হয় জনসাধারণের অভিযোগ দ্রুত নিষ্পত্তির। সেনসিটিভ বুথে রুট মার্চ চলছে। ভালনারাভেল ভোটার দের সঙ্গে কথা হচ্ছে। কমপক্ষে দুটো করে মডেল বুথ প্রতি বিধানসভায়। ৮৬৭২ পোলিং স্টস, ১৪ টি বহুতল / আবাসন পোলিং স্টেশন। ১১২৬ মহিলাদের জন্য বুথের ব্যবস্থা করা হয়েছে। ১৯৭ টি অক্সিলিয়ারি বুথ। ১৫-২০ শতাংশ রিজার্ভে রয়েছে।

# সিনেমার খবর

## নোরা ফাতেহির গানে অশ্লীলতার অভিযোগ, আইনি জটিলতায় সিনেমা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



বলিউড অভিনেত্রী নোরা ফাতেহি এবং অভিনেতা সঞ্জয় দত্ত অভিনীত 'কেডি: দ্য ডেভিল' সিনেমার একটি গান নিয়ে তৈরি হয়েছে তীব্র বিতর্ক। 'সারকে চুনার তেরি সারকে' শিরোনামের এই গানটির কথা এবং দৃশ্যায়নকে 'অশ্লীল' ও 'দ্ব্যর্থবোধক' আখ্যা দিয়ে ভারতে প্রতিবাদের ঝড় উঠেছে।

পরিস্থিতি এতটাই বেগতিক যে, গানটি এখন আইনি লড়াইয়ের মুখে পড়েছে এবং এর প্রেক্ষাপটে নির্মাতারা ইউটিউব থেকে গানটির হিন্দি ও কন্নড় সংস্করণ সরিয়ে নিতে বাধ্য হয়েছে।

গত ১৫ মার্চ গানটি মুক্তির পরপরই সামাজিক যোগাযোগমাধ্যম এক্স-এ (সাবেক টুইটার) সমালোচনার সৃষ্টি হয়। গীতিকার রকিব আলমের লেখা গানের কথাগুলোকে অনেকেই 'কুরুচিপূর্ণ' ও 'অপ্রাপ্তবয়স্কদের জন্য ক্ষতিকর' বলে মন্তব্য করেছেন। এছাড়া গানে নোরার নাচ এবং সঞ্জয় দত্তের অঙ্গভঙ্গিকে 'উস্কানিমূলক' ও 'শালীনতাহীন' হিসেবে দেখা হচ্ছে।

পাশাপাশি বলিউডের জনপ্রিয় গায়ক আরমান মালিক সামাজিক মাধ্যমে তার ক্ষোভ প্রকাশ করে একে বাণিজ্যিক গানের 'চরম অবনতি' বলে অভিহিত করেছেন।

গানটি নিয়ে বিতর্ক কেবল অনলাইন আলোচনার মধ্যেই সীমাবদ্ধ থাকেনি, গড়িয়েছে আদালত পর্যন্ত। দেশটির ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশন (এনএইচআরসি) গানটিতে আপত্তিজনক কনটেন্ট ব্যবহারের অভিযোগে ইতোমধ্যে নোটিশ জারি করেছে।

সমাজকর্মী ও আইনজীবী বিনীত জিন্দাল সেন্ট্রাল বোর্ড অব ফিল্ম সার্টিফিকেশন এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের কাছে গানটি অবিলম্বে নিষিদ্ধ করার দাবি জানিয়েছেন।


এদিকে দিল্লির সাইবার সেলে এই গানের নির্মাতা, গীতিকার এবং সংগীতশিল্পীর বিরুদ্ধে অপরাধমূলক মামলা করা হয়েছে। অভিযোগে ভারতীয় ন্যায় সংহিতা (বিএসএস) এবং পকসো (পওসিএসও) আইনের ধারা লঙ্ঘনের কথা উল্লেখ করা হয়েছে।

উল্লেখ্য, পরিচালক প্রেম-এর এই প্যান ইন্ডিয়া সিনেমাটি নিয়ে দর্শকদের মধ্যে অনেক আগে থেকেই আগ্রহ ছিল। ১৯৭০-এর দশকের বেঙ্গালুরুর আন্ডারওয়ার্ল্ডের কাহিনী নিয়ে এই অ্যাকশন ড্রামাটি নির্মিত। ছবিটিতে অভিনয় করেছেন ধ্রুব সারজা, সঞ্জয় দত্ত, নোরা ফাতেহি, শিল্পা শেঠি, যিশু সেনগুপ্ত প্রমুখ।

এ বছরের ৩০ এপ্রিল ছবিটি মুক্তির কথা রয়েছে।

## দীর্ঘ বিরতির পর একসঙ্গে প্রকাশ্যে রণবীর-দীপিকা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



কন্যাসন্তান দুয়ার জন্মের পর থেকে জনসমক্ষে খুব কমই দেখা গেছে বলিউডের জনপ্রিয় তারকা দম্পতি রণবীর সিং ও দীপিকা পাড়ুকোনকে। তবে দীর্ঘ বিরতির পর এবার একসঙ্গে প্রকাশ্যে দেখা গেল তাদের। ১৪ মার্চ স্টাইলিস্ট একা লাখানি ও প্রযোজক রবি ভাগচান্দকার বিয়ের অনুষ্ঠানে উপস্থিত হন এই তারকা দম্পতি।

অনুষ্ঠানে তোলা একটি ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে। সেখানে এক অতিথির তোলা সেলফিতে দেখা যায়, ঐতিহ্যবাহী পোশাকে বেশ স্টাইলিশ লাগছিল রণবীর সিংকে। সাদা রঙের সূচিকর্ম করা কুর্তা, দাড়িওয়ালা লুক এবং সানগ্লাসে বেশ দাপুটে দেখাচ্ছিল তাকে।


অন্যদিকে ফ্রেমে উঁকি দেওয়া দীপিকা পাড়ুকোনকেও দেখা গেছে চিরচেনা গ্ল্যামারে। গোলাপি রঙের ভারী কারুকাজ করা পোশাকের সঙ্গে কুন্দন গয়না, স্লিক মাঝখান ভাগ করা চুল ও স্বাভাবিক মেকআপে দারুণ লাগছিল অভিনেত্রীকে।

একা লাখানি ও রবি ভাগচান্দকার বিয়েতে উপস্থিত ছিলেন আরও অনেক তারকা। তাদের মধ্যে ছিলেন অভিনেত্রী অদিতি রাও হায়দারি ও তার স্বামী সিদ্ধার্থ, চলচ্চিত্র নির্মাতা করণ জোহর, পূজা দাদলান, ক্রিকেটার অর্জুন টেন্ডুলকার, সারা টেন্ডুলকারসহ অনেকে

পেশাগত দিক থেকে বর্তমানে বেশ ব্যস্ত সময় পার করছেন রণবীর সিং। তার অভিনীত স্পাই-অ্যাকশন থ্রিলার 'ধুরন্ধর-২'। পরিচালক আদিত্য ধরের এই ছবিতে আরও অভিনয় করেছেন আর মাধবন, সঞ্জয় দত্ত, অক্ষয় খান্না, অর্জুন রামপাল, সারা অর্জুন প্রমুখ। আগামী ১৯ মার্চ প্রেক্ষাগৃহে মুক্তি পাচ্ছে।

অন্যদিকে দীপিকা পাড়ুকোনকে পরবর্তী সময়ে দেখা যাবে অ্যাকশন থ্রিলার 'কিং' সিনেমায়। পরিচালক সিদ্ধার্থ আনন্দ পরিচালিত এই সিনেমায় তার সঙ্গে অভিনয় করছেন শাহরুখ খান, সুহানা খান, রানি মুখার্জি, অভিষেক বচ্চন, সৌরভ শুক্লা, রাঘব জুয়াল, অভয় ভার্মা প্রমুখ। ছবিটি মুক্তির কথা রয়েছে আগামী ডিসেম্বরে।

## মধুবালা হয়ে পর্দায় আসছেন অনীত পাড্ডা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

কিংবদন্তি অভিনেত্রী মধুবালার ক্যারিয়ার ও ব্যক্তিজীবনের গল্প এবার পর্দায় তুলে ধরতে যাচ্ছেন সঞ্জয় লীলা বানসালি। খ্যাতিমান এই পরিচালক ও প্রযোজক তাঁর সিনেমায় মধুবালার চরিত্রের জন্য বেছে নিয়েছেন তরুণ তারকা অনীত পাড্ডাকে। খবর হিন্দুস্তান টাইমসের। এর আগে মাত্র একটি সিনেমায় দেখা গিয়েছে অনীতকে। 'সাইয়ারা' নামে সেই সিনেমা দিয়েই কোটি দর্শকের মনোযোগ কেড়েছেন এই অভিনেত্রী। শুধু তাই নয়, অনবদ্য অভিনয় দিয়ে দর্শকমনে ঝড় তুলতেও সময় লাগেনি। যার সুবাদে বড় ও আলোচিত নির্মাতাদের দৃষ্টি ঘুরে গেছে অনীতের দিকে। সে কারণেই সঞ্জয় লীলা বানসালির মতো নির্মাতা মধুবালার বায়োপিকের জন্য অনীতকে নির্বাচন করেছেন। আজকালসহ ভারতের একাধিক সংবাদমাধ্যম জানিয়েছে, এবার মধুবালার অবয়ব ধরে পর্দায় আসছেন অনীত পাড্ডা।

কিংবদন্তি এ অভিনেত্রীর ব্যক্তিজীবন, অভিনয় ক্যারিয়ার সবটাই তুলে ধরা হবে বায়োপিকে। যেটি প্রযোজনা করছেন সঞ্জয় লীলা বানসালি। পরিচালনার দায়িত্বে আছেন জস্মিত কে রিন। এটুকু তথ্য দিয়ে নির্মাতারা জানিয়েছেন, শিগগিরই অন্যান্য শিল্পী ও কলাকুশলী চূড়ান্ত করে এই সিনেমার আনুষ্ঠানিক ঘোষণা দেওয়া হবে। এদিকে মধুবালার বায়োপিকের আগেই শুরু হবে অনীতের 'শক্তিশালিনী' সিনেমার শুটিং। হরর-কমেডি গল্পের সিনেমাটি পরিচালনা করবেন আদিত্য সরপোতদার।

# এশিয়ান কাপ থেকে ছিটকে গেল মালয়েশিয়া

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



২০২৭ এশিয়ান কাপে ওঠার দৌড় থেকে ছিটকে পড়েছে মালয়েশিয়া। বাছাইপর্বে নেপাল ও ভিয়েতনামের বিপক্ষে তাদের দুটি জয় বাতিল করেছে এশিয়ান ফুটবল কনফেডারেশন (এএফসি)।

সংস্থাটির অভিযোগ, মালয়েশিয়ার জাতীয় দলে এমন খেলোয়াড় খেলানো হয়েছে, যাঁরা দেশটির প্রতিনিধিত্ব করার যোগ্য নয়। অর্থাৎ এমন খেলোয়াড় খেলানো হয়েছে, যাঁরা মালয়েশিয়া জাতীয় দলে খেলার অযোগ্য।

বাছাইপর্বে তৃতীয় রাউন্ডে নেপাল ও ভিয়েতনামের বিপক্ষে মালয়েশিয়ার ৩-০ গোলের জয় দুটি এএফসির শাস্তিমূলক রায়ে বাতিল করা হয়েছে। এতে 'এফ' গ্রুপে মালয়েশিয়া শীর্ষে থাকা ভিয়েতনামের চেয়ে ৬ পয়েন্ট ব্যবধানে পিছিয়ে দুইয়ে। আর একটি করে ম্যাচ খেলবে এই গ্রুপের মোট চারটি দল। অর্থাৎ গ্রুপের শীর্ষস্থান নিয়ে এশিয়ান কাপের চূড়ান্ত পর্বে ওঠার কোনো সুযোগ নেই মালয়েশিয়ার। ৫ ম্যাচে ১৫ পয়েন্ট নিয়ে শীর্ষে থাকা ভিয়েতনাম টিকিট কেটেছে এশিয়ান কাপের।

মালয়েশিয়া ফুটবল অ্যাসোসিয়েশনকে ৫০ হাজার ডলার জরিমানাও করেছে এএফসি। ৩০ দিনের মধ্যে এই জরিমানা শোধ করতে হবে। মালয়েশিয়ান ফুটবল ফেডারেশন নিজেদের ওয়েবসাইটে এ বিষয়ে বিবৃতি দিয়েছে। সেখানে তারা লিখেছে, এএফসির অফিশিয়াল কাগজপত্র পাওয়ার পর পরবর্তী পদক্ষেপ নেবে।

এর আগে এ মাসের শুরুতে আন্তর্জাতিক ক্রীড়া আদালতের (সিএএস) ফিফার দেওয়া শাস্তি আংশিক বহাল রাখে। ভুয়া নাগরিকত্বের নথি ব্যবহার করে মালয়েশিয়ার হয়ে খেলা সাত ফুটবলারকে ১২ মাসের জন্য শুধু অফিশিয়াল ম্যাচে নিষিদ্ধ করার সিদ্ধান্ত দেন আদালত।

সিএএস জানিয়েছে, ফিফার আরোপ করা ৩ লাখ ৫০ হাজার সুইস ফ্রাঁ (৪ লাখ ৪৪ হাজার ২৭৫ ডলার) জরিমানাও দিতে হবে মালয়েশিয়া ফুটবল অ্যাসোসিয়েশনকে।

স্পেনের ক্লাব দেপোর্তিভো আলাভেসের সেন্টার ব্যাক ফাকুন্দো গারসেস নিষিদ্ধ হওয়া সেই সাত খেলোয়াড়ের একজন। গত সেপ্টেম্বরে তাদের এক বছরের জন্য নিষিদ্ধ করে ফিফা। তদন্তে উঠে আসে, ভুয়া কাগজপত্র ব্যবহার করে তাঁদের মালয়েশিয়ার হয়ে এশিয়ান কাপ বাছাইপর্বে ভিয়েতনামের বিপক্ষে খেলানো হয়েছিল।

## পেশাদার ফুটবলের ইতি টানলেন রোমেরো



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

সার্জিও রোমেরো নামটি উচ্চারিত হলেই ফুটবলভক্তদের মনে ভেসে ওঠে ২০১৪ বিশ্বকাপের সেমিফাইনালের স্মৃতি। টাইব্রেকারে নেদারল্যান্ডস জাতীয় ফুটবল দলের দুটি শট ঠেকিয়ে আর্জেন্টিনাকে ফাইনালে তোলার নায়ক হয়েছিলেন তিনি। তবে সেই আসরে শেষ পর্যন্ত শিরোপা জেতা হয়নি; ফাইনালে জার্মানি জাতীয় ফুটবল দলের কাছে ১-০ গোলে হেরে যায় আর্জেন্টিনা জাতীয় ফুটবল দল।

দীর্ঘ ক্যারিয়ারের ইতি টানার ঘোষণা দিয়েছেন এই আর্জেন্টাইন গোলরক্ষক। ৩৯ বছর বয়সী সাবেক এএস মোনাকো ও ম্যানচেস্টার ইউনাইটেড গোলকিপার সম্প্রতি পেশাদার ফুটবল থেকে অবসরের কথা জানান। চোটের কারণে ২০১৮ বিশ্বকাপেও খেলতে পারেননি তিনি।

তবে ফুটবল থেকে পুরোপুরি সরে যাচ্ছেন না রোমেরো। তিনি জানিয়েছেন, কোচ হিসেবে নতুন ক্যারিয়ার গড়তে চান। গোলকিপিং কোচ নয়, বরং পূর্ণাঙ্গ দলের প্রধান কোচ হওয়ার প্রতিই তার আগ্রহ বেশি। ইতোমধ্যে নিজের ব্যাকরুম স্টাফও গঠন করেছেন তিনি।

ক্লাব ক্যারিয়ারে রোমেরো খেলেছেন এজেড আলকমার, সাম্পদোরিয়া, ভেনেজিয়া এফসি, বোকা জুনিয়র্স ও আর্জেন্টিনোস জুনিয়র্সসহ একাধিক দলে।

আন্তর্জাতিক অঙ্গনেও তার ক্যারিয়ার ছিল সমৃদ্ধ। আর্জেন্টিনার জার্সিতে মোট ৯৬টি ম্যাচ খেলেছেন তিনি।

## নেইমার ভালো খেলতে থাকলে অবশ্যই দলে রাখতে হবে : সিলভা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ফ্রান্স ও ক্রোয়েশিয়া ম্যাচের জন্য দল ঘোষণা করেছেন ব্রাজিল কোচ কার্লো আনচেত্তি। দলে জায়গা হয়নি নেইমার জুনিয়রের। এতে করে ভক্ত-সমর্থকদের মধ্যে আলোচনা-সমালোচনাও হচ্ছে ব্যাপক।

এর মধ্যেই মুখ খুললেন নেইমারের সাবেক সতীর্থ থিয়াগো সিলভা। তার মতে, নেইমার ফর্মে থাকলে তাকে দলে না নেওয়ার কোনো প্রশ্নই ওঠে না।

টিএনটি স্পোর্টসকে সাক্ষাৎকারে সিলভা বলেন, আমার কাছে এটা নিয়ে কোনো বিতর্কই নেই। নেইমার যদি ভালো খেলতে থাকে, তাহলে তাকে অবশ্যই বিশ্বকাপে নিতে হবে।

৩৯ বছর বয়সী সিলভার মতে, বর্তমান পারফরম্যান্স বিবেচনায় নেইমারকে দলে রাখা বাধ্যতামূলক। ব্রাজিলের সাবেক এই অধিনায়ক বলেন, নেইমারের মাঠের প্রভাবও তুলে ধরেন সিলভা। তিনি বলেন, নেইমার যখন মাঠে থাকে, প্রতিপক্ষ দলের জন্য সে আগেই একটা মাথাব্যথার কারণ হয়ে দাঁড়ায়।

চোট ও ফর্মহীনতার কারণে ২০২৩ সালের শেষ দিক থেকে ব্রাজিল দলে নেইমারের উপস্থিতি অনিয়মিত। তবে সাম্প্রতিক নজরকাড়া পারফরম্যান্সে আবারও আলোচনায় ফিরেছেন তিনি। সেই প্রেক্ষাপটে সিলভার এই মন্তব্য ব্রাজিল দলে নেইমারের ভবিষ্যৎ নিয়ে নতুন করে বিতর্ক উসকে দিয়েছে।

বিশ্বকাপের আগে দল চূড়ান্ত করার সময় ঘনিয়ে আসায়, নেইমারকে ঘিরে এই আলোচনা আগামী দিনগুলোতে আরও জোরালো হওয়ার ইঙ্গিতই দিচ্ছে।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR